আরবিআই/2013-14/389
আরপিসিডি.এমএসএমই ও এনএফএস.বিসি.নং.61/06.02.31/2013-14

ডিসেম্বর 2, 2013

সভাপতি/পরিচালন অধিকর্তা/মুখ্য নির্বাহী আধিকারিক
সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কসমূহসহ)

প্রিয় মহাশয় / মহাশয়া

**সংশোধিত জেনারেল ক্রেডিট কার্ড(জিসিসি)প্রকল্প**

অনুগ্রহ করে জেনারেল ক্রেডিট কার্ড (জিসিসি) প্রকল্প বিষয়ে আমাদের ডিসেম্বের 27, 2005 তারিখের সার্কুলার আরপিসিডি.সিও.নং.আরআরবি.বিসি.59/03.05.33(F) এবং মে 06, 2008 তারিখের সার্কুলার নং আরপিসিডি.সিও.প্ল্যান.বিসি. নং 66/04.09.01/2007-08 দেখবেন।

2. আর্থিক উন্নয়নে সামিলকরণ পরিকল্পনা (এফআইপি) পর্যালোচনার জন্য 2013 সালের মে-জুলাই মাসে ব্যাঙ্কগুলির সঙ্গে অনুষ্ঠিত আলোচনাসভায় ব্যাঙ্কগুলি জিসিসি প্রকল্প বিষয়ে যে পরিসংখ্যান পেশ করে তাতে দেখা যায় যে শিল্পোদ্যোগের জন্য ব্যক্তিবিশেষদের ঋণ দেওয়া হয়নি। অগ্রাধিকার ক্ষেত্রের অন্তর্গত সমস্ত রকমের উ্পাদনশীল কাজকর্মের জন্য ঋণদান সুনিশ্চিত করার জন্য এবং অ-কৃষি শিল্পোদ্যোগের জন্য ব্যাঙ্কগুলি কর্তৃক ব্যক্তিবিশেষদের দেওয়া সমস্ত ঋণ অন্তর্ভুক্ত করার জন্য জিসিসি প্রকল্পের এক্তিয়ার বৃহত্তর করার উদ্দেশ্যে জিসিসি নির্দেশিকার সংশোধন করা হচ্ছে। সংযোজনীতে সংশোধিত প্রকল্পটি দেওয়া হয়েছে।

3. আপনাদের আরো বলা হচ্ছে যে অন্য যে কোন চালু ক্রেডিট কার্ড (যেমন আর্টিশন ক্রেডিট কার্ড, লঘু উদ্যমী কার্ড, স্বরোজগার ক্রেডিট কার্ড এবং উইভারস ক্রেডিট কার্ড ইত্যাদি), কর্তৃক ব্যক্তিবিশেষদের অ-কৃষি শিল্পোদ্যোগের জন্য যে ঋণ দেওয়া হচ্ছে, সেই ঋণের পরিমাণও যেন আর্থিক উন্নয়নে সামিলকরণ পরিকল্পনা (এফআইপি)-র অধীনে জেনারেল ক্রেডিট কার্ডের মাধ্যমে দেওয়া ঋণ বিষয়ে রিপোর্টের মধ্যে ধরা হয়। যেহেতু জিসিসি মাধ্যমে শিল্পোদ্যোগের জন্য সমস্ত ঋণ দেওয়া হবে, তাই ব্যক্তিবিশেষদের ভোগ্যপণ্যের জন্য দেওয়া ঋণ জিসিসির মাধ্যমে দেওয়া হবে না।

4. জিসিসি জারি করার মানে এমন নয় যে ব্যাঙ্কগুলি তাদের গ্রাহকদের ভোগ্যপণ্যের চাহিদা মেটানোর জন্য অন্য ক্রেডিট কার্ড জারি করবে না। ভোগ্যপণ্যের জন্য ব্যাঙ্কগুলি কর্তৃক দেওয়া ঋণ ওভারড্রাফট(ওডি)/কনসাম্পশন ক্রেডিট খাতে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক প্রস্তাবিত এফআইপি রিপোর্টিং ফরমাটে আলাদাভাবে উল্লেখ করতে হবে।

5. এই নির্দেশিকা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারি করা ডিসেম্বর 2005 এবং মে 2008 তে জারি করা জিসিসি নির্দেশিকাকে বাতিল করে। এই সংশোধন করা হয়েছে যাতে ব্যক্তিবিশেষদের, বিশেষ করে স্বল্প সম্বলের ঋণগ্রহীতাদের শিল্পোদ্যোগের জন্য আরো বেশি ঋণ দেওয়া সুনিশ্চিত করা যায়।

6. সমস্ত ব্যাঙ্কগুলিকে বলা হচ্ছে যে তারা অবিলম্বে সংশোধিত ক্রেডিট কার্ড প্রকল্প লাগু করুন এবং আমাদের জানান।

আপনার বিশ্বস্ত

(মাধবী শর্মা)
মুখ্য মহাপ্রবন্ধক

সংলগ্নীঃ উপরে যেমন বলা হয়েছে

---

**সংযোজনী**

## 1. লক্ষ্য

লক্ষ্য হল জেনারেল ক্রেডিট কার্ড মাধ্যমে অ-কৃষি ক্ষেত্রে শিল্পোদ্যোগের জন্য ব্যক্তিবিশেষদের ঋণের পরিমাণ বৃদ্ধি করা।

## 2. যোগ্যতা

অগ্রাধিকার ক্ষেত্র বিষয়ে নির্দেশিকা অনুযায়ী ব্যক্তিবিশেষদের ওই শ্রেণীভুক্ত সমস্ত অ-কৃষি শিল্পোদ্যোগের জন্য প্রদত্ত ঋণ।

## 3. এক্তিয়ার

এই প্রকল্প সমস্ত দেশ জুড়ে।

## 4. আর্থিক সাহায্যের প্রকৃতি

শিল্পোদ্যোগীর চালু মূলধন এবং মেয়াদি ঋণের চাহিদা এই প্রকল্পের অধীনে দেওয়া ঋণের অন্তর্ভুক্ত হবে। জিসিসি তুলনামূলকভাবে স্মার্ট কার্ড / ডেবিট কার্ড (বায়োমেট্রিক কার্ড যা শিল্পোদ্যোগীর পরিচয়, সম্পদ এবং ঋণের আকার ইত্যাদি যথেষ্ট তথ্য ধরে রাখার ক্ষমতা রাখে এবং এটিএম / হাতে ধরা সোয়াইপ মেশিনে ব্যবহার করা চলে) হিসেবে জারি করাই ভাল। যেখানেই হিসেবপত্র এখনও ডিজিটাল করা হয়নি, জিসিসি কার্ড/পাসবই অথবা ক্রেডিট কার্ড সহ পাসবই হিসেবে জারি করা যেতে পারে যাতে ধারকের নাম, ঠিকানা, ছবি, ঋণগ্রহণের সীমা, বৈধতার সময়সীমা ইত্যাদি দেওয়া থাকবে ফলে যেটি পরিচয়পত্র হিসেবে কাজে আসবে আবার চালু লেনদেনের হিসেব নথিভুক্ত করতে পারবে।

## 5. ঋণের সীমার পরিমাণ

যতক্ষণ পর্যন্ত ঋণ অ-কৃষি শিল্পোদ্যোগের উদ্দেশ্যে প্রদত্ত এবং অগ্রাধিকার ক্ষেত্রে শ্রেণিভুক্ত হওয়ার যোগ্য তার ওপর কোন সীমা আরোপিত হবে না। প্রতিটি কেসের ঝুঁকি গণনার ভিত্তিতেই এই সীমা স্থির করা হবে।

## 6. সুরক্ষা

সময়ে সময়ে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারি করা অণু এবং ক্ষুদ্র সংস্থাগুলির জন্য জামিনমুক্ত ঋণপ্রদান সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী সুরক্ষা বিধি প্রযোজ্য হবে।

## 7. সুদের হার

সার্বিকভাবে সময়ে সময়ে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক সুদের হারের ওপর জারি করা নির্দেশিকার সীমার মধ্যেই ব্যাঙ্কগুলি তাদের বোর্ড দ্বারা অনুমোদিত নীতি অনুযায়ী তা নির্ধারণ করবে।